= ০১ =

ঢাকা ওয়াসা

সংযুক্তি:
১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার।
২। প্রাক্কলন।
৩। ক্যালকুলেশন।
৪। পূর্বাঅনুমোদিত দরের কপি।

বিষয়: Idenfication & Removal of contramina water line at Nayanagar, Kutubkhali1, KutubKhali-2, Gobindapur-1, Muslimnagor and adjacent area under MODS Zone-7, Dhaka WASA (Pakage-1).

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক গুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দক্ষিণ পার্শ্বে জনবহুল এলাকায় বিদ্যমান পুরাতন ও জরাজীর্ণ লাইনের মাধ্যমে সম্মানিত গ্রাহকদের পানি সরবরাহ করা হচ্ছে। নয়ানগর, কুতুবখালী ১,২ , গোবিন্দপুর মুসলিমনগর ও তৎসংলগ্ন এলাকা সমূহে প্রায়শই পানির লাইনে ময়লা পানি, দুর্গন্ধযুক্ত পানি প্রাপ্তি ও লিকেজ হয়েছে মর্মে ঢাকা ওয়াসা লিংক, মোবাইল ও সরাসরি জোন অফিসের অভিযোগ কেন্দ্রে সম্মানিত গ্রাহকগণ অভিযোগ করেন। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সহকারী প্রকৌশলীসহ সরেজমিনে সাইট পরিদর্শন করা হয় এবং ময়লা পানির উৎস খোঁজা ও নিরসন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। করতে হয়। সংশ্লিষ্ট এলাকা সমূহের বিদ্যমান পানির লাইনে লিকেজের কারণে ময়লা পানি প্রবেশ করে এবং উক্ত নেটওয়ার্কে ময়লা ও দুর্গন্ধযুক্ত পানি গ্রাহক হোল্ডিং এ সরবরাহ নেটওয়ার্কের মাধ্যমে সরবরাহ হয়। উল্লেখ্য যে, মডস জোন-৭ এর আওতাধীন অধিকাংশ এলাকা ডিএনডি প্রকল্পের অন্তর্ভুক্ত বিধায় উক্ত এলাকা সমূহে খাল, ডোবা-নালা ও পরিত্যক্ত জলাধার তুলনামূলক ভাবে বেশি। ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন/সেনাবাহিনী কর্তৃক উক্ত এলাকা সমূহের খাল পরিষ্কার করার সময় ঢাকা ওয়াসার সরবরাহ লাইন। ও সার্ভিস সংযোগে প্রায়শঃই ক্ষতিগ্রস্ত করে থাকে। ফলে ক্ষতিগ্রস্ত সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগ দিয়ে খাল, ডুবা নালার ময়লা পানি ঢুকে পরে। অনেক ক্ষেত্রে লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হয়ে এলাকায় পানির স্বল্পতা দেখা দেয় ও ক্ষতিগ্রস্ত পয়েন্ট দিয়ে ময়লা পানি সরবরাহ নেটওয়ার্কে প্রবেশ করে গ্রাহক হোল্ডিং এ সরবরাহ হয়। এছাড়া বিভিন্ন সময় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, তিতাস গ্যাস এবং বিভিন্ন সংস্থা বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে গিয়ে সরবরাহ লাইন ক্ষতিগ্রস্থ করে যা, সঠিক ভাবে মেরামত না করে চলে যায় ফলে সরবরাহ পানির লাইন লিকেজ হয়ে পানির অপচয়, রাস্তা নষ্ট ও সরবরাহ নেটওয়ার্কে ময়লা পানি প্রবেশ করে মর্মে অত্র দপ্তরে সম্মানিত গ্রাহক পর্যায় হতে অভিযোগ পাওয়া যায়। ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের সর্বোচ্চ সেবা প্রদান ও সুনাম অক্ষুন্ন রাখার স্বার্থে ন্যূনতম সময়ে ময়লা পানির উৎস খোঁজা এবংতা নিরসন করার জন্য পানির লাইনে সৃষ্ট লিকেজ গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। উল্লেখিত ত্রলাকায় যখন যেখানেময়লা পানির নিরসনে লিকেজ মেরামত ও রক্ষনাবেক্ষন কাজের প্রয়োজন হয়। সে অনুযায়ী ময়লা পানির নিরসনে মেরামত রক্ষণাবেক্ষণ কাজটি সমাধা করতে হয়। উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত এলাকায় ভবিষ্যতে সম্ভাব্য লিকেজ এবং ময়লা পানি নিরসনে পানির লাইন মেরামত রক্ষণাবেক্ষণের জন্য অত্র কাজের নথিটি উপস্থাপন করা হলো।

০২। আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে পূর্বানুমোদিত দর ও ঢাকা ওয়াসার ২০১১ইং সালে প্রণীত রেট সিডিউউলের সাথে সরকার কর্তৃক বর্ধিত বিবেচনায় পূর্বের ১০%সাথে আর ও ৫%যোগ করে ১৫% ভ্যাট বিবেচনায় একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃপূর্বানুমোদিত দর)।প্রাক্কলনে "পার্ট-এ"-তে মালামাল বাবদ ৩৩,০১০ .০০(তেত্রিশ হাজার দশ) টাকা মাত্র এবং "পার্ট- বি"-তে ঠিকাদারের মালামাল ও লেবার সরবরাহ চার্জ বাবদ ৪,৯৬,৮৫৭.৪০৮ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত সাতান্ন দশমিক চার শূন্য আট) টাকাসহ সর্বমোট প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে ৩৩,০১০ .০০ + ৪,৯৬,৮৫৭.৪০৮ = ৫,২৯,৮৬৭.৪০৮ (পাঁচ লক্ষ উনত্রিশ হাজার আটশত সাতষট্রি দশমিক চার শূন্য

আট) মাত্র টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন। (সংযুক্তি: প্রাক্কলন)। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য "পার্ট-এ'-তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে।

০৩। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২৬ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার এ বর্ণিত "পানির লাইন রক্ষণাবেক্ষন" খাতের প্যাকেজ নং:১৭.১২ হতে নির্বাহ করা হবে (সংযুক্তি:২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি)। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তিস্বাক্ষর ও বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়, ঢাকা ওয়াসা।

এমতাবস্থায়,অনুচ্ছেদ ১ হতে ৩ এর বর্ণনালোকে :- Repairing and maintenace of water line at Nayanagar, Kutubkhali1, KutubKhali-2, Gobindapur-1, Muslimnagor and adjacent area under MODS Zone-7, Dhaka WASA (Pakage-1)..শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষন কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ-

(ক) উপস্থাপিত সর্বমোট ৩৩,০১০ .০০ (পার্ট-এ) + ৪,৯৬,৮৫৭.৪০৮ (পার্ট-বি) = ৫,২৯,৮৬৭.৪০৮ (পাঁচ লক্ষ উনত্রিশ হাজার আটশত সাতষট্রি দশমিক চার শূন্য আট) মাত্র টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন তম্মধ্যে" পার্ট-বি " তে ঠিকাদারের মালামাল ও লেবার সরবরাহসহ দরপত্র মূল্য বাবদ ৪,৯৬,৮৫৭.৪০৮ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত সাতান্ন দশমিক চার শূন্য আট) মাত্র টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন।

(খ) আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২৬ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার এ বর্ণিত "পানির লাইন রক্ষণাবেক্ষন" খাতের প্যাকেজ নং: ১৭.১২ হতে নির্বাহ করা হবে।

(গ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ধারা ৬৩ বিধির ১ (খ) উপ বিধি মোতাবকে CPTU STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method(e-GP) সিস্টেমে দরপত্র আহব্বানের মাধ্যমে সম্পাদনের জন্য সদয় অনুমোদন।

২৪/আগস্ট
[illegible]

২১/০৮/২৫
MD. OHIDUZZAMAN
Sub-Assistant Engineer
MODS Zone-7
Dhaka WASA.

A.E
21.08.25
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৭
ঢাকা ওয়াসা

EE
21/08.2025
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্‌স জোন-৭
ঢাকা ওয়াসা

SE
24/08/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১ ঢাকা ওয়াসা।

CE

অনুমোদিত

২০২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।